দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 9 FEB 2009
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫

# দেশের উন্নয়নের জন্য স্কাউটিংয়ের শিক্ষা গ্রহণ করা উচিত

---- ভিসি ড. আরেফিন সিদ্দিক

॥ গাজীপুর সংবাদদাতা ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, আমাদের দেশের স্কাউট আন্দোলনের সুনাম আজ বিশ্বব্যাপী ছড়িয়ে পড়েছে। সমাজ উন্নয়ন ও সমাজ সেবামূলক কাজ, দুর্যোগ ও বিপদের মুহূর্তে সকলের পাশে দাঁড়ানোসহ বিভিন্ন কাজের জন্য স্কাউটিং আজ সকলের কাছে সমাদৃত। তাই দেশকে সমৃদ্ধ ও উন্নয়নের দিকে এগিয়ে নেয়ার জন্য আজ আমাদের সকলকে স্কাউটিংয়ের শিক্ষা গ্রহণ করা উচিত।

তিনি গতকাল রবিবার গাজীপুরের বাহাদুরপুর রোভার পল্লীতে বাংলাদেশ স্কাউট কর্তৃক আয়োজিত ৯ দিনব্যাপী নবম জাতীয় রোভার মুটের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। বাংলাদেশ স্কাউটসের সভাপতি মোঃ মোশতাকুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার ও মুট চিফ মোঃ আবুল কালাম আজাদ, মুট সাংগঠনিক কমিটির সভাপতি আব্দুস সালাম খান প্রমুখ।